

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.০০.০০০০.০৮৫.০২.০০৭.২০১৮- ৭০৭

তারিখ: ২৫ নভেম্বর ২০২১ খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,  
স্থানীয় সরকার বিভাগ


বিষয়ঃ চলতি ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত ঢাকা ওয়াসার 'ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট' (কোড নং ২২৪০৪৩৮০০) এর শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধের জন্য ১৫০০০.০০ লক্ষ (একশত পঞ্চাশ কোটি) টাকা অবমুক্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত ঢাকা ওয়াসার 'ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট' (কোড নং ২২৪০৪৩৮০০) এর অনুকূলে শুল্ক ও মূল্য সংযোজন কর (সিডি-ভ্যাট) পরিশোধ বাবদ ১৫০০০.০০ লক্ষ (একশত পঞ্চাশ কোটি) টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

২। এ ব্যয় ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, স্থানীয় সরকার বিভাগ (কোড নং ১৩৭০১) 'ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট' এর কোড নং ২২৪০৪৩৮০০', অর্থনৈতিক কোড নং ৩৮২৩১০১ হতে বহন করতে হবে।

৩। নিম্নলিখিত শর্তসাপেক্ষে এই অর্থ মঞ্জুর করা হলোঃ

- (১) এই অর্থ অনুদান হিসাবে মঞ্জুর করা হল :
- (২) প্রকল্প পরিচালক কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল সিএও-তে দাখিল হবে এবং শুল্ক আইনের ৩৪ নং ধারা অনুযায়ী কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, চট্টগ্রাম এর আওতাধীন সোনালী ব্যাংকের কাস্টম হাউজ শাখার হিসাব চলতি নং- ৩২১২ এ জমা করতে হবে ;
- (৩) সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক তাদের আওতায় পরিচালিত 'হিসাব চলতি'-এ ৩০ জুনের ব্যালেন্স অর্থ বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগের সিএও অফিসে জুলাই মাসে প্রেরণ করতে হবে ;
- (৪) এই আদেশ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ২০/০৬/২০১৮ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ নং স্মারকের মাধ্যমে বিভাগ/মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে জারি করা হলো ;
- (৫) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট শাখা-১১ এর ২২/১০/২০১৮ তারিখের ০৭.১২১.০২০.১১.৩১.০০৩.২০১৫-৪০৩ নং স্মারক অনুযায়ী বরাদ্দকৃত ১৫০০০.০০ লক্ষ (একশত পঞ্চাশ কোটি) টাকা সিএও, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, চট্টগ্রাম বরাবরে অথরিটি প্রদান করবেন।

  
(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)  
উপসচিব

ফোন: ৯৫৪০৩৭০

watersupply\_02@yahoo.com

অনুলিপি:-(সহায় অবগতির জন্য)।

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দপঃ আঃ উপসচিব, বাজেট-১১ শাখা)
- ২। কমিশনার (কাস্টমস), কাস্টমস হাউজ, চট্টগ্রাম
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা
- ৪। সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৫। প্রকল্প পরিচালক, 'ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট', ঢাকা ওয়াসা
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)